



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা।
www.brta.gov.bd



BRTA DNP & DRC Checker অ্যাপস এর মাধ্যমে স্ট্যাটাস জানা সংক্রান্ত

জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে অবগত করা যাচ্ছে যে, সড়ক পরিবহন সেক্টরে শৃঙ্খলা বিধানের জন্য মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গত ৩১ অক্টোবর ২০১২ তারিখে মোটরযানে রেট্রো-রিফ্লেক্টিভ নম্বরপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজন কার্যক্রম উদ্বোধন করা হয়। পরবর্তীতে ২০১৩ সাল থেকে মোটরযানের ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেটের বিতরণ কার্যক্রম শুরু করা হয়। ইতিপূর্বে কেবলমাত্র মোটরযান মালিকের মোবাইলে এসএমএস প্রেরণের মাধ্যমে নম্বরপ্লেট ও ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রস্তুত এবং সেগুলো যথাক্রমে মোটরযানে সংযোজন এবং গ্রহণ করার জন্য জানানো হতো। এ অথরিটি থেকে সংশ্লিষ্ট সেবা গ্রহণের এসএমএস মোটরযান মালিক কর্তৃক অসতর্কতাবশত: না দেখার কারণে অথবা সঠিক মোবাইল নম্বর ব্যবহার না করার কারণে সংশ্লিষ্ট সেবা গ্রহণে সমস্যায় পড়তে হতো। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে সংশ্লিষ্ট মোটরযান মালিক যাতে করে নম্বরপ্লেট এবং ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রস্তুতের স্ট্যাটাস খুব সহজেই তাঁর অ্যান্ড্রয়েড মোবাইল ফোনের মাধ্যমে দেখে সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে পারেন সে লক্ষ্যে BRTA DNP & DRC Checker অ্যাপসটি চালু করা হয়েছে। Google Play Store এ গিয়ে BRTA DNP & DRC Checker লিখে সার্চ দিয়ে অ্যান্ড্রয়েড মোবাইল ফোনে Install করে অ্যাপস এর মাধ্যমে নম্বরপ্লেট এবং ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রস্তুতের স্ট্যাটাস দেখে সেগুলো মোটরযানে সংযোজন এবং গ্রহণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।